

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd


স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৪৯

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এমপিওভুক্ত মাদ্রাসার কম্পিউটার ডিজিটাল ল্যাব ও মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ যথাযথ ব্যবহার সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত যেসব মাদ্রাসায় কম্পিউটার ডিজিটাল ল্যাব ও মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ স্থাপন করা হয়েছে সেগুলোর বেশিরভাগ অচল/অব্যবহৃত রয়েছে যা প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা পরিপন্থী। এতে মাদ্রাসা শিক্ষার্থীরা তথ্যপ্রযুক্তির সুবিধা হতে বঞ্চিত হচ্ছে।

এমতাবস্থায় আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০২৫ এর মধ্যে সকল স্তরের এমপিওভুক্ত মাদ্রাসায় কম্পিউটার ডিজিটাল ল্যাব ও মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ব্যবহার উপযোগীকরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোন মাদ্রাসায় কম্পিউটার ডিজিটাল ল্যাব/মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ সচল না থাকলে সংশ্লিষ্ট কর্মচারী/শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে এমপিও স্থগিতসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



০২-০২-২০২৫
মোঃ আব্দুল মান্নান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সুপার.....সকল মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৪৯/১ (৩)

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি.....(সকল মাদ্রাসা)।
- ২। উপসচিব, মাদ্রাসা শাখা-০১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।





০২-০২-২০২৫
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক